



রাজধানীর আফতাবনগর খেলার মাঠে গতকাল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী শিক্ষার্থীদের সম্মাননা দেন।
© আমাদের সময়

পিএইচডি ডিগ্রির অনুমতি দেওয়ার সময় এসেছে

■ শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •

ইস্ট ওয়েস্টসহ দেশের কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে এমফিল-পিএইচডি ডিগ্রির অনুমোদন দেওয়ার সময় এসেছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। গতকাল বুধবার রাজধানীর আফতাবনগর খেলার মাঠে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তনে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা জানান।

সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। এ সমাবর্তনে আভারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ২ হাজার ৮৬১ জন শিক্ষার্থীকে ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

পিএইচডি ডিগ্রির অনুমতি দেওয়ার

(তৃতীয় পৃষ্ঠার পর) সন্দেহ দেওয়া হয়। এ ছাড়া অনন্য মেধাবী চার শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়।

সমাবর্তন অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন তার বক্তব্যে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অবদানের কথা উল্লেখ করে এমফিল এবং পিএইচডি গবেষণার সুযোগ দেওয়ার দাবি জানান। এর জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির মতো দেশের কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় এখন এমন মানে উত্তীর্ণ হয়েছে যে তাদের আরও উচ্চতর গবেষণা অর্থাৎ এমফিল/পিএইচডি ডিগ্রির অনুমতি দেওয়ার সময় এসেছে।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা জার্মানির

কুহনে লজিস্টিকস ইউনিভার্সিটির অধ্যাপক অ্যালান ম্যাককিনন বলেন, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনে তেমন ভূমিকা না থাকলেও অনেক বেশি ক্ষতির শিকার হচ্ছে বাংলাদেশ। তাই সমস্যা ও সংকট মোকাবিলায় জন্য সাপ্লাই চেইন বিষয়ে জ্ঞান ও দক্ষতা রাখে, এমন যোগ্য গ্র্যাজুয়েট তৈরির ওপর গুরুত্ব দেন তিনি।

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শামস রহমান প্রমুখ। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যরা, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, গ্র্যাজুয়েট ও তাদের অভিভাবকরাও অনুষ্ঠানে অংশ নেন।